



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৯.১০৮

তারিখ : ০৩-০৬-২০১৯ খ্রিঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের অপশনাল (ঐচ্ছিক) বিষয়ে ফরম ফিলাপ সংক্রান্ত বিজ্ঞপ্তি

অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২৫ জুন'২০১৯ হতে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১৬ প্রবিধানভূক্ত ৬ষ্ঠ পর্বের কম্পিউটার টেকনোলজির পরীক্ষার্থীদের ৪টি অপশনাল (ঐচ্ছিক) বিষয় হতে যে কোন একটি বিষয় অনলাইনে ফরম ফিলাপের সময় নির্ধারণ করে দেয়ার কথা থাকলেও অনেক প্রতিষ্ঠান তাদের অপশনাল (ঐচ্ছিক) বিষয় নির্ধারণ করে দেয়নি। যে সকল শিক্ষার্থীদের অপশনাল (ঐচ্ছিক) বিষয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে নির্ধারণ করে দেয়া হয়নি তাদের প্রবেশপত্রে অপশনাল বিষয় হিসেবে “ওয়েব মাস্টারিং (বিষয় কোড-৬৬৬৬৭)” (বেশি সংখ্যক পরীক্ষার্থীদের অনলাইনে নির্ধারণ করা) বিষয়টি অন্তর্ভুক্ত করে ঐ সকল শিক্ষার্থীদের প্রবেশপত্র প্রিন্ট করা হয়েছে।

এমতাবস্থায়, যে সকল শিক্ষার্থীর “ওয়েব মাস্টারিং (বিষয় কোড-৬৬৬৬৭)” বিষয়টি অপশনাল (ঐচ্ছিক) বিষয় হিসেবে প্রতিষ্ঠানে পাঠদান করা হয়নি তাদের অপশনাল বিষয় হিসেবে যে বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে তা পরীক্ষা শুরুর পূর্বেই নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে প্রবেশপত্র সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ জানানো হলো। সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের প্রবেশপত্রে এ বিষয়টি নির্ধারিত সময়ে সংশোধন না করার কারণে ঐ সকল পরীক্ষার্থীদের ফলাফলে যে কোন ধরনের জটিলতা হলে তার জন্য ঐ প্রতিষ্ঠানই দায়ী থাকবে। বিষয়টি অতিব জরুরী।

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন : ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৯.১০৮(১৫)

তারিখ : ০৩-০৬-২০১৯ খ্রিঃ

অনুলিপি সময় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট,
৬. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,
৭. অধ্যক্ষ/পরিচালক,
৮. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক - গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নোটিশটি Website -এ প্রকাশ এবং বর্ণিত তারিখ মোতাবেক অনলাইন কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
১১. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নতুন উত্তরপত্রের সাথে পুরাতন লিখুযুক্ত উত্তরপত্র সরবরাহ না করার অনুরোধসহ]।
১৩. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনেল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন : ০২-৯১১৮৭৭৬